গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-৩ শাখা
www.mefwd.gov.bd

বিষয়ঃ জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১' বাস্তবায়নে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য প্রস্তাবিত খসড়া জাতীয় কর্মপরিকল্পনার উপর পর্যালোচনা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	যুগ্ম সচিব (পার) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার তারিখ	:	১৪ মার্চ ২০১৯ বৃহস্পতিবার
সভার সময়	:	দুপুর ২:০০ ঘটিকা
স্থান	:	যুগ্ম সচিব (পার) এর অফিস কক্ষ (কক্ষ নং-২৩৪)।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা- পরিশিষ্ট 'ক'দ্রষ্টব্য।

১.০। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (পার-৩) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভাপতি জাতীয় নারী উন্নয়ন নীতি ২০১১' বাস্তবায়নে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য প্রস্তাবিত খসড়া জাতীয় কর্মপরিকল্পনার প্রতিটি বিষয়ের উপর গুরুত্বরোপ করে এর প্রয়োজনীয় পরিবর্তন, পরিমার্জন, সংশোধন এবং সংযোজনের জন্য সকল সদস্যকে মতামত প্রদানের জন্য আহ্বান জানান। সভায় উপসচিব (পার-৩) বলেন যে, খসড়া পরিকল্পনা টেকসই উন্নয়ন কৌশলপত্র (এসডিজি), প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ এবং ভিশন ২০২১ ও ২০৪১ এ উল্লিখিত নারী উন্নয়নের বিষয়গুলো অন্তর্ভূক্ত হয়নাই। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপপরিচালক (আইইএম) জাকিয়া আক্তার বলেন যে, জাতীয় জনসংখ্যা নীতি, ২০১২ ও এইচপিএনএসপি-৪ খসড়া কর্মপরিকল্পনার অন্তর্ভূক্ত হওয়া প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে সভায় সকল সদস্য অভিমত পোষন করেন যে, জাতীয় জনসংখ্যা নীতি, ২০১২ ও এইচপিএনএসপি-৪, টেকসই উন্নয়ন কৌশলপত্র (এসডিজি), প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ এবং ভিশন ২০২১ ও ২০৪১ জাতীয় কর্মপরিকল্পনা অন্তর্ভূক্ত হলে কর্মপরিকল্পনাটি ইনক্লুসিভ হবে।

২.০। নারী উন্নয়ন সম্পর্কিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অন্যান্য প্রস্তাবিত নির্দেশনাসমূহ নিম্নরুপ :

ক্র:নং	নারী উন্নয়নের সাথে সম্পর্কিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অন্যান্য প্রস্তাবিত নির্দেশনা
১।	জাতীয় জনসংখ্যা নীতি, ২০১২ • প্রজননক্ষম নারীর আধুনিক পদ্ধতি ব্যবহার বৃদ্ধির মাধ্যমে গড় সন্তান সংখ্যা কমিয়ে আনা। • পরিবার পরিকল্পনা পদ্ধতিসহ প্রজনন স্বাস্থ্য সেবা সহজলভ্য করে সক্ষম দম্পতিদের আধুনিক পদ্ধতিগুলোর উপলব্দিতা নিশ্চিতকরণ এবং পরিবার পরিকল্পনা, প্রজনন স্বাস্থ্য, প্রজনন সংক্রান্ত সংক্রমন এবং এইচআইভি/এইডস বিষয়ে কিশোরীদের মধ্যে সচেনতা তৈরী করা। এ সেবাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া। • মাতৃ ও শিশুমৃত্যুর হার হ্রাস এবং নিরাপদ মাতৃত্ব নিশ্চিতসহ মা ও শিশুদের উন্নত স্বাস্থ্য সেবার পদক্ষেপ গ্রহণ। • পরিবার পরিকল্পনা ও মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা কর্মসূচিতে লিঙ্গ বৈষম্য দূর করে সমতা আনয়ন এবং নারীর ক্ষমতায়ন নিশ্চিতকরনসহ এ কার্যক্রমকে শক্তিশালীকরণ।
২।	টেকসই উন্নয়ন কৌশলপত্র (এসডিজি) • **লীড বিভাগ হিসেবে লক্ষ্যমাত্রা ৩.৭ বাস্তবায়ন।** সূচক ৩.৭.১: প্রজননক্ষম নারীর আধুনিক পদ্ধতি ব্যবহারের হার ৭২.৬% থেকে ১০০% এ উন্নীতকরণ। সূচক ৩.৭.২: কিশোরী মায়েদের সন্তান জম্মদানের হার ৭৫ থেকে ৫০ এ নামিয়ে আনা। • কো-লীড বিভাগ হিসেবে লক্ষ্যমাত্রা ২.২, ৩.১, ৩.২, ও ৩.৩ বাস্তবায়ন। লক্ষ্যমাত্রা ২.২ পুষ্টিমান উন্নয়ন লক্ষ্যমাত্রা ৩.১ মাতৃ মৃত্যু হ্রাস লক্ষ্যমাত্রা ৩.২ শিশু মৃত্যু হ্রাস লক্ষ্যমাত্রা ৩.৮ সর্বজনীন স্বাস্থ্য সেবা প্রদান।

৩।	প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ • জেন্ডার ব্যালেঞ্চকে প্রমোট করা।
৪।	ভিশন, ২০২১-২০৪১ • লক্ষ্য-৪: সুস্থ নাগরিক সম্পন্ন জাতি উপহার ৪.১ প্রজনন হার একটি উল্লেখযোগ্য মাত্রায় নিয়ে আসা। ৪.৩ উন্নত স্বাস্থ্য ও সুস্থ নারী ৪.৫ মা ও শিশুদের জন্য উন্নত পুষ্টির নিশ্চয়তা

৩.০। নারী উন্নয়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য প্রস্তাবিত নারী উন্নয়নে ভবিষ্যৎ পরিকল্পনায় নিম্নবর্ণিত বিষয় অন্তর্ভূক্ত করার বিষয়ে সকল সদস্য একমত পোষন করেন:

কার্যক্রম	ক্ষুদ্র/মধ্য/দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্তির জন্য প্রস্তাবিত বিষয়াবলী	প্রস্তাবিত সহযোগী মন্ত্রণালয়, বিভাগ ও অন্যান্য সহযোগী সংস্থাসমূহ
১৮.২	• স্বল্পমেয়াদি ও মধ্যমেয়াদি পরিকল্পনায় কন্যাশিশুদের সাথে ‘কিশোরীদের’ অন্তর্ভূক্ত করা যেতে পার। • কিশোরীদের প্রজনন, স্বাস্থ্য ও পুষ্টি শিক্ষা সম্পর্কে সচেতন করা।	• প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় • যুব ও ক্রীয়া মন্ত্রণালয় • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় • দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় • খাদ্য মন্ত্রণালয় • সমাজ কল্যাণ মন্ত্রণালয়
১৯.১	• ভিকটিমদের জন্য অধিক হারে ক্রাইসিস সেন্টার তৈরী, সেবা প্রদান ও পূর্ণবাসনের ব্যবস্থা নিশ্চিতকরণ।	• সুরক্ষা সেবা বিভাগ, স্বারাষ্ট্র মন্ত্রণালয়। • আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। • সমাজ কল্যাণ মন্ত্রণালয়। • স্থানীয় সরকার বিভাগ।
২১.২	• স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবায় অধিকহারে নারী কর্মী নিয়োগ এবং বিজ্ঞান ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।	• প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
২৭.১	• প্রজনন স্বাস্থ্যসেবা, মাতৃত্বকালীন সেবা, পরিবার পরিকল্পনা সেবা, পুষ্টি সেবা, বুকের দুধের গুরুত্ব সংক্রান্ত প্রচারনা, প্রাতিষ্ঠানিক প্রসব প্রভৃতিতে সার্বজনীন সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ বৃদ্ধি।	–
২৭.৩	নিপরট কেটে তদস্থলে ‘নিপোর্ট লেখা প্রয়োজন।	-
৩৩.২	• বর্তমান কার্যক্রম অংশে ‘পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীদের নির্ধারিত তহবিল (Impressed Fund) এর মাধ্যমে ভাতা প্রদান করা হচ্ছে’ যুক্ত করা যেতে পারে। • তৃণমূল পর্যায়ে নারীদেরকে তাদের স্বাস্থ্য ও সন্তান জন্মদান, পরিবার পরিকল্পনা সংক্রান্ত স্বাস্থ্য-অধিকার বিষয়ে জানানোর জন্য প্রচারণা অভিযান চালান।	-
৩৪.৫	• মাঠপর্যায় ও স্বাস্থ্য-সেবা কেন্দ্রগুলোতে পুষ্টি বিষয়ক শিক্ষা ও সেবা প্রদান।	• প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। • মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩৪.৬	• স্বল্পমেয়াদী: সকল সেবা কেন্দ্রে স্যানিটারি নেপকিনের সহজলভ্যতা নিশ্চিতকরণ। • প্রত্যন্ত অঞ্চলে ‘**সক্ষম**’ দম্পতির জন্য পরিবার পরিকল্পনা ও প্রজনন স্বাস্থ্যসেবা নিশ্চিত করার লক্ষ্যে সম্পসারিত করা।	• জনপ্রশাসন মন্ত্রণালয় • অর্থ মন্ত্রণালয় • তথ্য মন্ত্রণালয়

	• কমিউনিটি পর্যায়ে চলমান নিরাপদ প্রসব সেবা নিশ্চিতকরণ। পাশাপাশি উচ্চ পর্যায়ে জরুরী প্রসূতি সেবা চালুকরণ। • উপরোক্ত বিষয়ে প্রচারণা জোড়দার করা।	
৩৪.৯	• এ বিষয়ে সঠিক প্রচারণা করা।	
৩৪.১০	• কমিউনিটি ক্লিনিকসমূহে এবং **'বাড়িবাড়ি পরিদর্শন করে'** পরিবার পরিকল্পনায় যৌথ দায়িত্ব সম্পর্কে নববিবাহিত দম্পতিদের পরামর্শ প্রদান। • রোগী, ডাক্তার, কর্মী ও শিক্ষার্থীদের জন্য বুকের দুধ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় **'বেষ্ট ফিডিং'** কর্ণার নির্মাণ।	
৩৭.৫		• দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয় • এনজিও
৩৯.৬		• সমাজ কল্যাণ মন্ত্রণালয়।

৪.০। উল্লেখিত প্রস্তাবসমূহ জাতীয় নারী উন্নয়ন নীতিমালার পরবর্তী কর্মশালায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

(সিদ্দিকা আক্তার)
যুগ্মসচিব (পার)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

নং-৫৯.০০.০০০০.১১১.৯৯.০০৩.১৯-৪৫/১১ তারিখ: ১৯ মার্চ ২০১৯খ্রি.

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। পরিচালক, (এফএসডি) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫। জাকিয়া আক্তার, উপপরিচালক (আইইএম) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৬। ডা: নুরুন্নাহার বেগম, প্রোগ্রাম ম্যানেজার (সিসিএসডিপি) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৭। ডা: ফাহমিদা সুলতানা, উপপরিচালক (এমসিএইচ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
৮। জাহেরা খাতুন, পরিচালক (শিক্ষা), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। ডা: এ. এফ. এম. রেদোয়ানুর রহমান, প্রশিক্ষক/প্রভাষক (মেডিকেল), জাতীয় জনসংখ্যা গবেষণা ও ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অফিস কপি।

১৯.০৩.২০১৯
মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল
উপসচিব
ফোন: ৯৫৪০৭৩০
ই-মেইল par@mefwd.gov.bd